

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়

চট্টগ্রাম

(স্থানীয় সরকার শাখা)

তথ্য বাতায়ন : [www.chittagong.gov.bd](http://www.chittagong.gov.bd)

স্মারক নং : ০৫.৪২.১৫০০.৭০১.১১.০৩৪.১৯- ৪৭৭,

তারিখ : ২৫ আগস্ট ২০১৯

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখার স্মারক নং ৪৬.০০.০০০০.০১৮.০৮.০০১.১৭-২৩৫, তারিখঃ ০৮ জুলাই ২০১৯ মুলে জারীকৃত ছাড়পত্র এবং ০৭ জুলাই ২০১৯ তারিখের ৪৬.০০.০০০০.০১৮.০৮.০০১.১৭-২৩৪ নং স্মারকের ছাড়পত্রের প্রেক্ষিতে চট্টগ্রাম জেলাধীন ইউনিয়ন পরিষদসমূহের হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর এর শূন্য পদ পুরণে চট্টগ্রাম জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে নিম্নলিখিত শর্তে জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক প্রশীলিত চাকুরিয়ে আবেদন মডেল ফরমে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

“পদের নাম ও বিবরণ”

ক্রমঃ নং	পদের নাম	পদের সংখ্যা	জাতীয় বেতনস্কেল, ২০১৫	শিক্ষাগত যোগ্যতা
০১	হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর	১৬২ (একশত বাষট্টি)	৯৩০০/- - ২২৪৯০/- টাকা তৎসহ বিধি মোতাবেক অন্যান্য ভাতাদি (সরকার কর্তৃক ৭৫% এবং ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% বেতন প্রাপ্ত হবে )	(ক) কোন স্থায়ী বোর্ড হতে বাণিজ্য বিভাগে অনুন্ন দ্বিতীয় বিভাগ অথবা সমসাময়ের জিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট অথবা সমসাময়ের পরীক্ষায় উত্তীর্ণ; (খ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত-এবং (গ) কম্পিউটার টাইপিং এ প্রতি মিনিটে সর্বনিম্ন গতি বাংলা ২০ (বিশ) শব্দ ও ইংরেজি ২০ (বিশ) শব্দ।

শর্তাবলীঃ

- প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও চট্টগ্রাম জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- নির্ধারিত আবেদন ফরমটি চট্টগ্রাম জেলার ওয়েব সাইট ([www.chittagong.gov.bd](http://www.chittagong.gov.bd)) এর নেটিশ বোর্ডে এবং জনপ্রশাসন মন্ত্রণালয় এর ওয়েব সাইটে ([www.mopa.gov.bd](http://www.mopa.gov.bd)) প্রাপ্তয়া যাবে।
- প্রার্থীর বয়স ২৬/০৯/২০১৯ তারিখে ১৮ বছর হতে ৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা সত্ত্বান/প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়স ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থীকে ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম, পদবীর সীল স্বাক্ষরসহ) কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত জাতীয়তা সনদ, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যাগ্রহিত কপি এবং সদ্য তোলা ৩ (তিনি) কপি পাসপোর্ট সাইজের সত্যাগ্রহিত ছবি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- আবেদনপত্র আগামী ২৬/০৯/২০১৯ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (বিকাল ৫.০০টাৰ মধ্যে) ডাকযোগে অথবা সরাসরি জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম এর জেলা ই-সেবা কেন্দ্রে পৌছাতে হবে। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনসমূহ সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- আবেদনপত্রের সাথে (ক) সোনালী ব্যাংক লি: যে কোন শাখা হতে ৫০০/- (পাঁচশত) টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরত যোগ্য) জেলা প্রশাসক, চট্টগ্রাম এর অনুকূলে জমা দিতে হবে। (খ) রেজিস্ট্রার ডাকের জন্য ১০ (দশ) টাকার ডাক টিকেট যুক্ত ১০' X ৮.৫' সাইজের একটি খাম সংযুক্ত করতে হবে। খামের উপরে ডান পার্শে প্রার্থীর ডাক যোগাযোগের ঠিকানা (যে ঠিকানায় ইটারভিউ কার্ড পেতে ইচ্ছুক) লিখতে হবে।
- চাকুরিয়ে প্রার্থীগণ অন্যান্য শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে পারবেন। আবেদনপত্রের কোন অঙ্গই কপি গ্রহণযোগ্য হবে না। এ ক্ষেত্রে বয়স ও শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য নহে।
- বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যা/নাতি-নাতনির ক্ষেত্রে প্রার্থীর আবেদনপত্রের সাথে তার পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযুক্ত বিষয়ক মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজাপন মোতাবেক মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপর্যুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি; যা ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা (নাম, পদবীর সীল স্বাক্ষরসহ) কর্তৃক সত্যাগ্রহিত সংযুক্ত করতে হবে। এছাড়া বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধাদের সাথে আবেদনকারীর সম্পর্কের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।

- ৯। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্য প্রদান করে চাকুরিতে নিয়োগপ্রাপ্ত হলে কিংবা কোন তথ্য মিথ্যা প্রমাণিত হলে নিয়োগাদেশ বাতিলসহ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে ।
- ১০। আবেদনকারী খামের উপরে পদের নাম মোটা অক্ষরে লিখতে হবে ।
- ১১। কোটা সম্পর্কিত সরকারি সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে । কোটার ক্ষেত্রে প্রার্থীকে তার সংশ্লিষ্ট কোটা খামের উপর লিখতে হবে । (শারীরিক প্রতিবন্ধ/এতিম/ক্ষুদ্র নঃ-গোষ্ঠী/আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে ) ।
- ১২। প্রার্থীকে নির্বাচনী (লিখিত, মৌখিক ও ব্যবহারিক) পরীক্ষায় অংশগ্রহণের জন্য ডাকযোগে প্রবেশ পত্র প্রেরণ করা হবে । পরীক্ষা বা সাক্ষাত্কারে অংশগ্রহণের জন্য কোন প্রকার টি,এ /ডি,এ প্রদান করা হবে না
- ১৩। বর্ণিত পদের বিপরীতে ইতোপূর্বে প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তি অনুযায়ী যারা আবেদন করেছেন তাঁদের নতুন করে আবেদন করার প্রয়োজন নেই ।
- ১৪। কর্তৃপক্ষ অনিবার্য কারণে এ নিয়োগ কার্যক্রম স্থগিত, পদসংখ্যা কম বা বেশি, সময় পরিবর্তন বা বাতিল এবং বিজ্ঞপ্তিতে উল্লিখিত শর্তাবলী সংশোধন বা পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন । এ ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে । নিয়োগ সংক্রান্ত অন্যান্য শর্তাবলী অক্ষুণ্ন থাকবে ।

ম্রঃ

মোহাম্মদ ইলিয়াস হোসেন

জেলা প্রশাসক

চট্টগ্রাম

ফোনঃ ০৩১-৬১৯৯৯৬, ফ্যাক্সঃ ০৩১-৬৩৫২৭২

ইমেইলঃ : [dcchittagong@mopa.gov.bd](mailto:dcchittagong@mopa.gov.bd)

তারিখঃ ২৮ আগস্ট ২০১৯

স্মারক নং : ০৫.৪২.১৫০০.৭০১.১১.০৩৪.১৯-৪২৭

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো :

০১। সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

০২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।

০৩। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম ।

০৪। পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম ।

০৫। প্রধান নির্বাহী কর্মকর্তা, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম ।

০৬। জেলা প্রশাসক ----- (সকল)

০৭। প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, চট্টগ্রাম ।

০৮। পুলিশ সুপার, চট্টগ্রাম ।

০৯। সিডিল সার্জন, চট্টগ্রাম ।

১০। নির্বাহী প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, চট্টগ্রাম ।

১১। উপজেলা, নির্বাহী অফিসার, ----- (সকল), চট্টগ্রাম ।

✓ ১২। সহকারী প্রোগ্রামার, জেলা ই-সেবা কেন্দ্র, জেলা প্রশাসকের কার্যালয়, চট্টগ্রাম । তাকে বিজ্ঞপ্তি এবং মডেল আবেদন ফরমটি ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো ।

১৩। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, -----, চট্টগ্রাম বুরো, চট্টগ্রাম । তাকে বিজ্ঞপ্তি ০১ (এক) দিনের জন্য ভিতরের পাতায় ১০ ইঞ্জিনিয়ার সাইজে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।

১৪। সম্পাদক/বিজ্ঞাপন ম্যানেজার, -----, চট্টগ্রাম । তাকে বিজ্ঞপ্তি ০১ (এক) দিনের জন্য ভিতরের পাতায় ১০ ইঞ্জিনিয়ার সাইজে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো ।

১৫। অফিস কপি/ নোটিশ বোর্ড ।

মোহাম্মদ ইলিয়াস হোসেন

জেলা প্রশাসক

চট্টগ্রাম

ফোনঃ ০৩১-৬১৯৯৯৬, ফ্যাক্সঃ ০৩১-৬৩৫২৭২

ইমেইলঃ : [dcchittagong@mopa.gov.bd](mailto:dcchittagong@mopa.gov.bd)